

আন্তর্জাতিক

হরমুজে পানামার জাহাজে মাইন হামলা ইরানের, যা বলল যুক্তরাষ্ট্র



প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর ২০২৬, ০৫:১৮ PM



হরমুজ প্রণালিতে পানামার পতাকাবাহী তেলবাহী জাহাজ □এল গাইয়া□ নৌমাইনে আঘাতে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে দাবি করেছে ইরান। তবে এমন দাবি নাকচ করেছে যুক্তরাষ্ট্র।

মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, জাহাজটি ইরানি বাহিনীর হামলার শিকার হয়েছে। ইরাকি বার্তাসংস্থা শাফাক নিউজ এ প্রতিবেদন প্রকাশ করেছে।

সোমবার এক বিবৃতিতে সেন্টকম জানায়, ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) □এল গাইয়া□ নৌমাইনে আঘাত পেয়েছে বলে যে দাবি করেছে, তা মিথ্যা। গত মাসে ইরানি ক্ষেপণাস্ত্রের আঘাতে জাহাজটি অচল হয়ে যায়।

মার্কিন কমান্ড আরও জানায়, সপ্তাহ শেষে ওমানের উপকূলীয় জলসীমায় নোঙর করে থাকা জাহাজটিতে আবারও ড্রোন হামলা চালানো হয়।

বর্তমানে একটি আঞ্চলিক দেশের সহায়তায় জাহাজটি টেনে নেওয়া হচ্ছে। তবে দেশটির নাম বা জাহাজটির গন্তব্য জানানো হয়নি।

সেন্টকম অভিযোগ করেছে, আইআরজিসি মিথ্যা তথ্য ছড়িয়ে বাণিজ্যিক জাহাজ চলাচলে ভয়ভীতি তৈরি করছে এবং হরমুজ প্রণালিতে নৌ চলাচল ব্যাহত করছে।

যুক্তরাষ্ট্রের আপত্তিতে আইএইএ সম্মেলন থেকে বাদ পড়ে ইরান।

এর আগে সোমবার আইআরজিসি দাবি করে, হরমুজ প্রণালির দক্ষিণে একটি নিষিদ্ধ এলাকা দিয়ে যাওয়ার সময় ‘এল গাইয়া’ নৌমাইনে আঘাত পেয়ে আগুন ধরে যায়। দক্ষিণ দিকের অবৈধ পথের বিপদ সম্পর্কে আগেই সতর্ক করা হয়েছিল বলেও জানায় তারা।

আইআরজিসি আরও বলেছে, হরমুজ প্রণালি বন্ধ রয়েছে। এর নিয়ন্ত্রণ ইরানের হাতে রয়েছে। আগুন নেভানোর চেষ্টা ব্যর্থ হয়েছে।

রোববার ভারত জানিয়েছিল, ওমানের উপকূলের কাছে ‘এল গাইয়া’ হামলার শিকার হয়েছে। জাহাজটির ১৪ জন ভারতীয় নাবিকের মধ্যে ১৩ জনকে উদ্ধার করা হয়েছে। একজন এখনো নিখোঁজ রয়েছেন। তবে হামলাটি কে বা কী ধরনের অস্ত্র দিয়ে চালানো হয়েছে, তা জানায়নি নয়াদিল্লি।

এ বিভাগের আরও খবর




মধ্যপ্রাচ্যের উত্তেজনায় আবারও ১০০ ডলারের ওপরে তেল
মধ্যপ্রাচ্যে বাড়তে থাকা উত্তেজনা এবং যুক্তরাষ্ট্রের মেক্সিকো উপসাগরীয় অঞ্চলে স্বাভাবিক বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম বেড়েছে। যুগ্মবার রে...



কৃষ্ণ সাগরে তেলবাহী জাহাজে হামলা, ১৩ ভারতীয় নাবিক উদ্ধার
কৃষ্ণ সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে দ্রোণ হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ১৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উদ...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/hrmuje-panamar-jahaje-main-hamla-iraner-ja-bll-juktrashttr>